"জঙ্গলে জীবিত থাকার" তৃতীয় দিনে আমরা ফিরে এসেছি যেখানে প্রতিটি দল জিততে চেষ্টা করছে। আজ তোমাদের কাছে অনেক সুযোগ আসবে অন্যদের দেখানোর তোমরা কি করতে পার। আজকে কি দল গুলো জিততে পারবে? প্রতিদিন লোকে অন্যদের প্রতি নিষ্টুর আচরণ করে, শীর্ষে পৌছানোর জন্য অন্যদের ক্ষতি করে, যার জন্য অন্যদের আত্মবিশ্বাস খোয়া যেতে পারে। কিন্তু আমরা যদি জানি আমরা যিশু খ্রীষ্ট এর মধ্যে কে তাহলে আমরা আত্মবিশ্বাস ফিরে পেতে পারি! (আজকের বাইবেল শ্লোক বলুন লূক 6:31) আজ বগ্লি কে জঙ্গল স্কুলে যাওয়ার পথে একজন উৎপীড়কের মুখোমুখি হতে হবে, এবং তাকে ভাবতে হবে নিজেকে ঝুঁকির মধ্যেও দেখেও সে দয়াবান থাকবে কিনা! আমরা একটা মজাদার হনুমান বানাবো বাড়িতে নিয়ে যাওয়ার জন্য, ভিবিএস এর কথা মনে করানোর জন্য, আর খাবার সময় অনেক কয়েন খাব। তারপর আমরা আমাদের বাইবেল খুলে দেখব কি করে গেহাসি নিজের সার্থে অন্যদের সুবিধা নেয় আর তারপর অনেক সমস্যা এ পরে। আজকের মূল কথা সবাই এক সাথে বলুন আমি অন্যের প্রতি আচরণ করি যেভাবে আমি চাই তারা আমার প্রতি আচরণ করে। দিনের শেষে আমরা আত্মবিশ্বাসের সঙ্গে বলতে পারব আমরা সফল ভাবে জঙ্গলে জীবিত থাকতে পারি যখন আমরা অন্যদের প্রতি দয়ালু হই।





প্রাণী (পাঠ 3)

হনুমান সুবিধা নেয়, আর চিতাবাগ সাহায্য করে।

দল (পাঠ 3)

প্রতিটি দলকে পোস্টার বা ফ্লাগ বানাতে বল যেটা তারা শুক্রুবার দেখাবে।

বাইবেল শ্লোক (পাঠ 3)

"অন্যের প্রতি আচরণ এমন কর যেমন তুমি যাও অন্যরা তোমার প্রতি আচরণ করে।"

লূক 6:31

নাটক (পাঠ 3)

বগ্লির এলার্ম বাজে, সে তাড়াতাড়ি জিপ থেকে বেরিয়ে এসে স্কুলের জন্য তৈরি হতে শুরু করে। তারা খুব পছন্দের সিরিয়াল খেতে খেতে বগ্লি নিজের ফোনে একটা ইউটিউব ভিডিও দেখছিল যেখানে তার স্কুলের একজন সহপাঠি অন্য একজন সহপঠিকে উৎপীড়িত করছিল। ভিডিও দেখে তার দুঃখ হচ্ছিল কিন্তু সে স্কুল এক সময় পৌঁছানোর জন্য তাড়াতাড়ি বেরিয়ে পরে। রাস্তায় তার সাথে ওই সহপাঠির দেখা হয় যাকে ভিডিও তে বানর উৎপীড়িত করছিল! বানর তার পিঠে চোরছিল তার খাবার খেয়ে নিচ্ছিল, হোমওয়ার্ক দেখছিল। দেখে মনে হচ্ছিল বানর সব কিছু বিনামূল্যে পাওয়ার ধান্দায় আছে, বিনামূল্যে খাবার, স্কুলে আগে থাকার জন্য টোকা! বগ্লির দেখে খারাপ লাগছিল বানর এই ভাবে সুবিধা নিচ্ছে, আর বগ্লি জানত তাকে থেকে সাহায্য করা উচিত, কিন্তু সে দেরিতে স্কুল পৌঁছাতে চায় না। পুরো সপ্তাহ সে দেরি হতে হতে

বেঁচে গেছে কারণ ইশ্বর তাকে সাহায্য করেছে। কিন্তু সে যদি এখন সাহায্য করার জন্য থামে তার দেরি হবেই। ঠিক সেই সময় চিতাবাঘ এসে বগ্লি কে সঠিক কাজ করার জন্য উৎসাহ দেয়। বোগলি বানর দ্বারা নিপীড়িত ছেলেকে দেখে, বং সিদ্ধান্ত নেয় যে তাকে অবশ্যই সাহায্য করতে হবে। "কি হত যদি বানর আমার নিপীড়িন করত?" তাই বগ্লি আর চিতা বাঘ ছেলেটির সাহায্য করে ও বানর কে ভাগিয়ে দেয়। বানর দৌড়াতে দৌড়াতে গাছের সঙ্গে ধাক্কা খায় আর পড়ে যায়। সে উঠে অবার দৌড়াতে শুরু করে কিন্তু দুর্ভাগ্যবসত অবার গাছের সাথে ধাক্কা খায়। যেহেতু বানর চলে গেছে, বগ্লি ছেলেটিকে উঠে দাঁড়াতে সাহায্য করে, আর লখয় করে তার প্রায় দেরী হয় গেছে স্কুল পৌঁছাতে, আর কোন মতেই সে সময় পৌঁছাতে পারবে না!!! আর ঠিক সেই সময় চিতাবাঘ বলে তার পিঠে চড়তে সে টিক সময় স্কুল পৌঁছে দেবে। তারা দুজনায় চিতা বাঘের পিঠে চড়ে আর চিতাবাঘ জঙ্গলের মধ্যে দিয়ে স্কুলের দিকে দৌড়ানো শুরু করে। আশ্চর্যের বিষয় অবার তারা ঠিক সময় পৌঁছে যায়! তারপর বগ্লির মনে পরে আমি অন্যের প্রতি আচরণ করি যেভাবে আমি চাই তারা আমার প্রতি আচরণ করে। বগ্লি মুখে হাসি নিয়ে বলে, বাহ! যীশু খ্রীষ্ট আমাকে সদয় করে তোলেন!

গুহা ক্লাস (পাঠ 3)

গেহাজি সুবিধা নেয়(2 কিং 5: 1-27)




বাইবেলের গল্পের প্রতিটি অংশ বলার সাথে সাথে, বাচ্চাদের দেওয়া ছবি আঁকতে দাও। ছবি সহজ রাখো, যাতে বাচ্চারা সহজে দেখে আঁকতে পারে।



1. নামান খুব ভাল মানুষ ছিল, কিন্তু তার কুষ্ঠ ছিল। তিনি সুস্থ হওয়ার জন্য ঈশ্বরের নবী ইলীশার কাছে যান। ইলীশা নামান কে সেরে ওঠার জন্য নদীতে 7 বার ডুব দিতে বলে। নামান কথা শোনে আর সেরে ওঠার পর খুব খুশি হয়! নামান ইলীশা কে উপহার দিতে চায়, কিন্তু ইলীশা না বলে। নামান অনুরোদ করা সত্বেও ইলীশা উপহার বা টাকা নিতে চায় না।

ছবি 1: নদীতে নামানের মাথা।



2. ইলীশার চাকর গেহাজি সেরে ওঠা আর কি কি জিনিস দেওয়ার কথা হচ্ছিল সব দেখে। নামান যখন বাড়ি ফিরছিল রাস্তায় গেহাজি তাকে দাঁড় করে। গেহাজি জানত নামান নিশ্চই খুব বড় লোক কারণ সে একজন বিখ্যাত সৈন্য নেতা ছিল। সে ঠিক করে নামান কে মিথ্যা কথা বলে সে নামানের কাছ থেকে কিছু পয়সা আর জামা কাপড় নেবে নিজের জন্য।

ছবি 2: গেহাজি রাস্তা দিয়ে দৌড়ে যাচ্ছে।




3.গেহাজি নামান কে মিথ্যা বলে উপহার আর টাকা পাওয়ার জন্য। এটা খারাপ কাজ ছিল কিন্তু সে আজকের মানুষের মত বাহানা দিচ্ছিল। একটা পাপা ঢাকতে অনেক পাপ করতে হয়। গেহাজি নামানকে বলে দুটি লোক ইলীশার সাথে দেখা করতে এসেছে, তাই ইলীশা নিজের মত পাল্টেছে। নামান এত খুশি ছিল যে ইশ্বর থাকে সাহায্য করেছে যে সে গেহাজি কে দ্বিগুন টাকা দেয়! গেহাজি লোভি ছিল সে নিজের জন্য আর চাইছিল, ইশ্বর, ইলীশা আর নামানের সুবিধা নিচ্ছিল!

ছবি 3: একটা বড় টাকার থলে বা ব্যাগ

4.গেহাজি টাকা আর উপহার নেওয়ার পর, তাড়াতাড়ি বাড়ি গিয়ে সব কিছু লুকিয়ে ফেলে। সে ভেবেছিল সে এই কথাটা গোপন করতে পারবে আর ইলীশা জানতে পারবে না। কিন্তু ইশ্বর ইলীশা কে দেখায় গেহাজি কি করেছে। আমরা নিশ্চিত হতে পারি ইশ্বর আমরা কি করছি সব কিছু দেখেন, এমন কি আমাদের মনের মধ্য ও দেখতে পান আমরা কী করতে চাইছি। আমাদের বানানো গল্পে ইশ্বর ভোলেন না।



ছবি 4: একটা ঘর



5.এখন সবাই জানত গেহাজি সুবিধা নিতে নি করেছে! ইশ্বর নামানের কুষ্ঠ গেহাজি কে দিয়ে দেয়। গেহাজি নামান আর ইলীশার প্রতি তেমন ব্যবহার করেনি যেমন সে চাইত তার সাথে হোক। তুমি ইলীশার মত দয়ালু হবে? না অন্যদের সুবিধা নিতে চেষ্টা করতে গেহাজির মত?

ছবি 5: বিছানায় একজন অসুস্থ ব্যক্তি।

## মতামত

জোরে জোরে 2টি বিকল্প পড়ো। “মতামতের” ধারণা হল ছাত্রদের ভাবার সুযোগ দেওয়া, তাই তোমার উভয় পক্ষকে উৎসাহী করা আবশ্যক। দেওয়া দুটি বিকল্প এমন করে পড়ো যেন মনে হয় দুটিই ঠিক। ভোটের জন্য স্টিকার ব্যবহার করতে পার। সঠিক উত্তর বল না, ওদের নিজে থেকে ভাবতে দাও।

**প্রশ্ন: গেহাজি নামানের কাছে টাকা চেয়ে কি ঠিক কাজ করেছিল?**

ক. ইলীশার চাকর হিসাবে, গেহাজি ভুল করেছিল ইলীশার নামানের ঠিক হওয়ার জন্য উপহার না নেওয়ার সির্ধান্তে বাধা দিয়ে। তার নামান কে খুঁজতে যাওয়া ঠিক হয়নি।

খ. সেবা প্রদানের জন্য উপহার নেওয়া সাভাবিক জিনিস। যেমন ডাক্তার কে চিকিৎসা করার জন্য টাকা দেওয়া হয়, নামানের কাছ থেকে টাকা নেওয়া কিছু খারাপ নয় কারণ সে সেরে উঠেছিল।


লোক রোজ আমাদের সুদিধা নেয়, টিক যেমন গেহাজি নামানের সুবিধা নিয়েছিল, কিন্তু আমরা শিখতে পারি আমি অন্যের প্রতি আচরণ করি যেভাবে আমি চাই তারা আমার প্রতি আচরণ করে। যীশু খ্রীষ্ট আমাকে সদয় করে তোলেন!





## বাইবেল নিরীক্ষণ (পাঠ 3)

নদীতে স্বাগত যেখানে আমরা ডিঙ্গিতে চড়ে নদী পারি দিই। সবাই একসাথে আজকের পাঠের নাম, স্লোগান আর মেমরি শ্লোক বল। ছাত্রদের বই বিতরণ করুন ও ধাঁধার উত্তর করতে বল। ছাত্রের বইতে দেওয়া 2টি কাজ করতে বল আর পাতা রং করতে দাও।

উত্তর




(মাঝারি বই এর উত্তর সহজ এবং কঠিন উত্তর ব্যবহার করে পাওয়া যাবে।)

ট্রপিকাল রেষ্টুরেন্ট (পাঠ 3)

গেহসি এর পয়েসার টিবি



**উপকরণ:**

- কুকি বা ক্র্যাকার এর মতো গোলাকার খাবার।
- প্রতিটি ছাত্র এর জন্য রুমাল

**নির্দেশ:**

- টাকার মত এক জায়গায় খাবার গুলো জড়ো করে রাখো।
- গেহসি হওয়ার ভান কর, টাকার লোভ করা আর সামান্য নেওয়া কারণ অনেক উপলব্ধ আছে
- প্রতিটি বাচ্চাকে "কয়েন" কুকিজের সাথে একটি রুমাল দিন।

ডোবা খেলা (পাঠ 3)

1.ডোবা পেরোনো




মাটিতে টায়ার বা রিং রেখে ডোবা বানাও। ডোবার চারিদিক মিথ্যা কুমির ছড়িয়ে রাখো। ডোবার দুটি প্রান্তে শুরু এবং শেষ চিহ্নিত করুন। রেস শুরু করার আগে বাচ্চাদের উত্তেজিত কর ও রেসের পরে বিজেতা টিম কে অভিনন্দন জানাও। একটি বিকল্প প্রতিটি দলের শিশুদের মধ্যে একজন কে "আহত" হওয়ার ভান করবে আর বাকি সবাই তাকে বয়ে নিয়ে যাবে। সব শিশুদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সতর্কতা অবলম্বন কর।

2.মাকড়সার জাল পেরোনো

চার ফিট দূরে দূরে মুখোমুখি করে চেয়ার পাত। একটা চেয়ারের সামনের পায়ের সাথে অন্য চেয়ারের সামনের পা দড়ি দিয়ে বাঁধ, মাটি থেকে ছয় ইঞ্চি উপরে। তিন চার জোড়া চেয়ার ব্যবহার কর "মাকড়সার জাল" বানাতে। বাচ্চাদের দক্ষতা অনুসারে মাকড়সার জাল পেরোনো সহজ কর বা কঠিন। মাকড়সার জলের প্রান্তে একটা সাইন লাগাও "মাকড়সার জাল" শুরু এবং শেষে ইঙ্গিত করতে। বাচ্চাদের উত্তেজিত করে রেস শুরু কর। বাচ্চাদের দড়ি না ছুঁয়ে জাল পেরতে হবে। যে দল জিতবে সেই দল পয়েন্ট পাবে।

জলপ্রপাত কারুশিল্প (পাঠ 3)

বানর দরজা হাঙ্গার




প্রিন্ট কর ও প্রতিটি ছাত্র কে দাও:

- 1টি দরজা হ্যাঙ্গার বেস, 1টি বানরের শরীর, এবং 2টি পা
- 5 টি পাইপ ক্লীনার (10cm বা 4 ইঞ্চি)

1. ছাত্রদের দরজা হ্যাঙ্গার, বানর এবং বানানের পা রঙ করতে এবং কাটতে বল।



2.কিভাবে একটি পাইপ ক্লিনারটা কে লেজের আকৃতি দিয়ে বাঁকিয়ে এবং বানরের সাথে লাগাতে হবে দেখাও।

3. কিভাবে পা দুটো বাঁকিয়ে এবং তারপর পায়ে নীচের অংশ আঠা দিয়ে লাগাতে হবে দেখাও।

4.পা দুটো বানরের সঙ্গে আঠা দিয়ে লাগাও।

5.তারপর হাত দুটো বাঁকিয়ে বানরের সাথে ও দরজা হাঙ্গরের সাথে আঠা দিয়ে লাগাও, তাদের সাথে সংযুক্ত করা যেখানে "হাত" দরজা হ্যাঙ্গার উপর টানা হয়।

উপসংহার (পাঠ 3)

মানুষ আমাদের সুবিধা নেওয়ার চেষ্টা করবে, ঠিক যেমন গেহসি এবং বানর আজ করেছে। আমরা বাকিদের মত না ও হতে পারি, আমরা আলাদা হতে পারি, এবং যীশু খ্রীষ্টের অনুসরণ করতে পারি! অন্যরা কেমন আচরণ করে তা গুরুত্বপূর্ণ নয়, আমি তাদের প্রতি সদয় হব এবং অন্যদের সাথে যেমন আমি তাদের কাছে ব্যবহার আশা করি তেমন ব্যবহার করবো, যেমন আমাদের বাইবেলে বলা আছে। সবাই একসাথে আজকের মূল কথা বল ...

## পাঠ 4

যিশু খ্রিস্ট আমাকে তাঁর পরিবারের অংশ করেছেন

### মূল কথা (পাঠ 4)

"ঈশ্বরের সন্তান হিসাবে স্বর্গে আমার জীবন অনন্ত।"

### বাইবেল পাঠ (পাঠ 4)

হামানের সরাসরি হামলা (ইষ্টার)

### ভূমিকা (পাঠ 4)

স্বাগত! আমরা ‘‘জঙ্গলে জীবিত থাকর’’ শেষ পর্যায় এসে পড়েছি। এই সপ্তাহে আমাদের দলগুলি তাদের জীবনের সব থেকে দু: সাহসিক অভিযান শুরু করেছিল , কিন্তু তারা জানত না এটা কত মজার হবে। এখন এই অভিযান শেষ হতে চলেছে, কিন্তু আমার মনে হচ্ছে আজ খুব মজা হবে। এই সপ্তাহে আমরা শিখছি আমরা যিশু খ্রীষ্ট এর মধ্যে কে, আর আজ একটা বিশেষ দিন। আজ আমরা দেখব আমরা যিশু খ্রীষ্ট এর পরিবারের অংশ। যিশু খ্রীষ্ট আমাকে তার পরিবারের অংশ বানিয়েছেন। (আজকের জন্য বাইবেলের পাঠ বলুন: যোহন 10: 27-28) বগ্লির অভিযানে তার উপর আক্রমন করা হয়, কিন্তু আমার বিশ্বাস সে বেঁচে যায়। তারপর আমরা বাইবেলে দেখি কি ভাবে ইস্টার হামানের আক্রমনে অপরাজিত থাকে, ভগবানের আশির্বাদে। বাড়িতে নিয়ে যাওয়ার জন্য আমরা ফটো ফ্রেম বানাবো। আর জলখাবারের সময় আমরা ইস্টারের মুকুট বানাবো! "ঈশ্বরের সন্তান হিসাবে স্বর্গে আমার জীবন অনন্ত।" দিনের শেষে আমরা আত্মবিশ্বাসের সঙ্গে বলতে পারব আমরা জঙ্গলে জীবিত থাকতে পারি, আর আমরাও ইশ্বরের পরিবারের অংশ হতে পারি।

### প্রাণী (পাঠ 4)

বাঘ আক্রমন করে আর নেকড়ে বাঘ বাঁচায়।



### দল (পাঠ 4)

প্রতিটি দল কে পরের দিনের প্রেসেন্টেশন অনুশীলন করতে দাও। যাতে থাকবে একটি চিয়ার, ফ্লাগ ও লোকেদের জন্য অভিনিন্দন।

### বাইবেল শ্লোক (পাঠ 4)

‘‘আমার ভেঁড়া আমার কথা শোনে; আমি তাদের জানি, তারা আমার অনুসরণ করে। আমি তাদের অনন্ত জীবন দিচ্ছি, তারা কখনো মরবে না; কেউ তাদের আমার কাছ থেকে ছিনিয়ে নেবে না।‘‘ যোন 10: 27-28

### নাটক (পাঠ 4)

এলার্ম বাজার পর বল্গি ধীরে ধীরে উঠে বসল। সে দেখল সে ভিজে গেছে কারণ রাতে বৃষ্টি হচ্ছিল। সে বুঝলো রাত্রে শোয়ার আগে তার জিপ ঢাকা উচিত ছিল! তার খুব পছন্দের সিরিয়াল খাবার পর সে বর্ষাতি পড়ে স্কুল গেল। যে রাস্তায় সে রোজ যায় সে রাস্তায় গেলে সে পুরো ভিজে যেত স্কুল পৌছানোর আগেই তাই সে তার বন্ধুদের জিজ্ঞাসা করে কোন রাস্তায় যাওয়া উচিত, তার পর সে গভীর জঙ্গলের রাস্তা নেয় যাতে গাছের ছাওয়া সে না ভেজে। কিন্তু সেই রাস্তায় বাঘ আছে। সে তার সেল ফোন বার করে দেখল বাঘ সকাল সকাল গভীর জঙ্গলে নিজের ফটো ফাসবকে পোস্ট করছে। তবুও বগ্লি সেই রাস্তাই ধরল। বগ্লি বুঝল বাঘ তাকে খুব সহজেই দেখতে পাবে কারণ বগ্লির গায়ে ডোরাকাটা দাগ নেই, আর টিক তখনই বাঘ এসে বগ্লির সামনে দাঁড়ালো। বগ্লি বাঘ দেখে চমকে গেল সে ডোবা থেকে কাদা তুলে নিজের গায়ে ডোরাকাটা বানিয়ে নিল

যাতে বাঘ তাকে না দেখতে পায়। নেকড়ে বাঘ বগ্গি কে দেখতে পেল, সে বগ্গি কে বলল "বগ্গি তুমি একে নও, বাঘের মতো দাগ না হলেও তোমার ভয় পাওয়ার কারণ নেই, কারণ তুমি যিশু খ্রীষ্ট এর অংশ"। বগ্গি নিজের গা থেকে কাদা ধুয়ে ফেলল, আর নেকড়ে বাঘের সাথে পালাতে লাগল। কিন্তু বগ্গির পা কাদাতে আটকে গেল, সে পা বার করতে পারছিল না। পা বার করার অনেক চেষ্টা করল দুজনাতে। অবশেষে পা বার করে স্কুল যেতে যেতে নেকড়ে বাঘ বগ্গি কে ঈশ্বরের কথা বলল যে নিজের খারাপ কাজের জন্য শাস্তি পেয়েছিল, নেকড়ে বগ্গি কে পরিত্রানের বাখ্যা দিল আর বলল "ঈশ্বরের সন্তান হিসাবে স্বর্গে আমার জীবন অনন্ত।" আর এবারও বগ্গি সময় মত স্কুল পৌঁছাতে পারল।




গুহা ক্লাস (পাঠ 4)


হামানের সরাসরি আক্রমণ (ইস্টার)

বাইবেলের গল্পের প্রতিটি অংশ বলার সাথে সাথে, বাচ্চাদের দেওয়া ছবি আঁকতে দাও। ছবি সহজ রাখো, যাতে বাচ্চারা সহজে দেখে আঁকতে পারে।




রাজা জেরেক্সেসের অবাধ্যতা করার কারণে রানী বষ্টীকে তার পদ থেকে সরিয়ে দেওয়া হয়। ইস্টার তার পরিবর্তে নির্বাচিত হন।

ছবি 1: ইস্টার কে আঁকুন, একজন সুন্দর রাজ কুমারি



2.হামান রাজার প্রধানমন্ত্রী ছিল, রাজার পর সেই এই বিশাল রাজ্যের সব থেকে গুরুত্বপূর্ণ লোক। তিনি নিজের উপর গর্বিত ছিলেন এবং রাজা আদেশ দিয়েছিলেন যে, তিনি যখন পার হবেন সবাই যেন মাথা নত করে। মর্দখয় ছিলেন একজন ইহুদী, এবং হামনের কাছে নয়, কেবল ঈশ্বরের সামনে মাথা নত করতে চেয়েছিলেন। হামান খুব রেগে যায়, হামান মর্দখয় আর সমস্ত ইহুদিহের মেরে ফেলতে চায়। সে ছলনা করে রাজা কে দিয়ে ইহিদীদের শস্তি দেওয়ার আইন বানায়।

ছবি 2: লোকজন মাটিতে মাথা নত করে



3.একই ভাবে ঈশ্বর আমাদের পালন করার জন্য 10টি আদেশ বা অনুসরণ করার জন্য আইন দিয়েছেন, তার মানে আমরাও কোনো ভুল করেছি যার জন্য আমাদের শাস্তি দেওয়া হয়। আমরা কেউ সব সময় সব কটা আদেশ পালন করতে পারব না।

ছবি 3: একটা খুঁটিতে আইন লেখা পোস্টার।



4.ইস্টার রাজার জন্য 3টি ভোজের আয়জন করে আর রাজা কে বলে তার ও সমস্ত ইহুদিদের বিপদের কথা বলে। ইস্টারের প্রাণ সংকটে ছিল কিন্তু তাও সে সাহসের সঙ্গে মানুষের প্রাণ বাঁচায়। যিশু খ্রীষ্ট এগিয়ে এসে আমাদের পাপের জন্য মৃত্যু দণ্ড থেকে আমাদের মুক্তি দেন। তিনি আমাদের জন্য আর যারা 10টি আইন মানেনি তাদের হয় নিযে মারা যান।

ছবি 4. একটা টেবিলে খাবার সাজানো



5.ইস্টারের মতোই, যদি চাও তোমায় কেউ বাঁচাক, তামার ঈশ্বর কে বলা উচিত কারণ যে রাজার রাজা। তোমরা নিজেরা প্রার্থনা করতে পার বা আমার সাথে প্রার্থনা করতে পার। ছবি 5: নিজেকে ও নিজের চারপশে খ্রীষ্টান পরিবার কে আংক।

"প্রিয় ঈশ্বর, আমি জানি যে আমি একজন পাপী আমি জানি আপনি আমার পরিত্রাতা হতে যীশুকে পাঠিয়েছেন। আমার পাপের শাস্তি গ্রহণের জন্য তিনি ক্রুশে প্রাণ দেন। দয়া করে আমাকে ক্ষমা করুন, এবং আমার জীবনে আসুন এবং আমাকে পরিবর্তন করুন। দয়া করে আমাকে পথ দেখান এবং আমাকে আমার বাকি জীবনের জন্য আপনাকে অনুসরণ করতে সাহায্য করুন আমাকে বাঁচান এবং আমাকে আপনার পরিবারের অন্তর্গত করার জন্য আপনাকে ধন্যবাদ। আমি আপনার সাথে বাস করতে মরা যখন স্বর্গ আমাকে গ্রহণ করার জন্য আপনাকে ধন্যবাদ। যিশুর নাম, আমেন।"

### মতামত

জোরে জোরে 2টি বিকল্প পড়ো। "মতামতের" ধারণা হল ছাত্রদের ভাবার সুযোগ দেওয়া, তাই উভয় পক্ষকে উৎসাহী করা আবশ্যক। দেওয়া দুটি বিকল্প এমন করে পড়ো যেন মনে হয় দুটিই ঠিক। আপনি ভোটের জন্য স্টিকার ব্যবহার করতে পারেন। সঠিক উত্তর বলবেন না, ওদের নিজে থেকে ভাবতে দিন।

**প্রশ্ন: ইস্টার কি ঠিক করেছে না ভুল করেছে?**

ক. দেশের নিতার কাছে গিয়ে আইন পাল্টানোর চেষ্টা করা ভাল। যে কোনো উপায় নিজের কথা শোনানোর চেষ্টা করা ভাল, যেমন ইস্টার খাবার দিয়ে করেছিল।

খ. পরিনামের কথা না ভেবে সব আইন মানা উচিত। খাবার দিয়ে মন ভোলানো আর আইন পাল্টানোর কথা বলা উচিত নয়।

ইস্টারের মতোই আমাদের রোজ আমাদের জীবনে আক্রমনের মুখোমুখি হতে হবে। কিন্তু আমরা আস্থা রাখতে পারি যে এই আক্রমণগুলি আমাদেরকে চিরদিনের জন্য ক্ষতি করতে পারে না কারণ ঈশ্বরের সন্তান হিসাবে আমরা স্বর্গে অনন্ত জীবন পাই। "ঈশ্বরের সন্তান হিসাবে স্বর্গে আমার জীবন অনন্ত।" যিশু খ্রিস্ট আমাকে তার পরিবারের অংশ বানিয়েছেন।




### বাইবেল নিরীক্ষণ (পাঠ 4)

নদীতে স্বাগত যেখানে আমরা ডিঙ্গিতে চড়ে নদী পারি দিই। সবাই একসাথে আজকে পাঠের নাম, স্লোগান আর মেমরি শ্লোক বল। ছাত্রদের বই বিতরণ কর ও ধাঁধার উত্তর করতে বলুন। ছাত্রের বইতে দেওয়া 2টি কাজ করতে বলুন আর পাতা রং করতে দিন।




(মাঝারি বই এর উত্তর সহজ এবং কঠিন উত্তর ব্যবহার করে পাওয়া যাবে।)

ট্রপিকাল রেষ্টুরেন্ট (পাঠ 4)

ইস্টারের মুকুট




বিকল্প 1:

**উপকরণ**

- কাগজের কাপ
- কাপে ভরার জন্য ফল: চিপস, চিটো, ফল, কুকি

**নির্দেশ:**

- কাপে ত্রিকোণ কেটে মুকুটের আকার দিন।
- আইডিয়া: কাপ কেটে ব্যবহার করার আগে বাচ্চাদের সেগুলো রং করে সাজাতে দিন।

বিকল্প 2: তরমুজ মুকুটের মতো কাটা

**উপকরণ:**

- o প্রতিটি বাচ্চার জন্য আলাদা আলাদা প্লেট
- o যে কোনো ফল তৈরি রাখো
- o যেমন: তরমুজ, ক্যান্টাওলোপ, কলা, আঙ্গুর, পিচ, মার্শমোলো, ব্লুবেরি, স্ট্রবেরি, আনারস



**নির্দেশ**

- তরমুজ কেটে ভেতরটা ফাঁকা করে নাও, লোল অংশ খবর জন্য রাখো। নিজের থেকে একটা ছোট অংশ কাট যাতে ঠিক করে বসানো যায়, গড়িয়ে না যায়।
- ফাঁকা জায়গায় ফল দিয়ে ভোরে দিন।




ডোবা খেলা (পাঠ 4)

1.গুহা পেরোনো

এই খেলার জন্য, আপনার লাগবে বড় প্লাস্টিকের ব্যাগ বা খবরের কাগজ আর টেপ। রসের দৈর্ঘ্য অনুযায়ী টেপ দিয়ে ব্যাগ গুলো লাগান, এক সাথে হউক দিয়ে লাগান, দেখতে যেন টানেলের মত হয়। যতগুলো দোল আছে ততগুলো টানেল বানান।

প্রতিটি দোল গুহায় ঢোকে আর বেরোয়। যে দোল প্রথমে টানেল পেরতে পারবে তারা জিতবে।

আরো মজার বানাতে, কাগজের তৈরি পাথর গাছ ঝুলিয়ে দিন টানেলের ভেতরে।

2.পাতা দৌড়

প্রতিটি ছাত্রের একটি করে গাছের পাতা বা স্ট্র লাগবে, মাটিতে প্রতিটি দলের জায়গা চিহ্নিত করুন যেখানে তাদের গাছের পাতা গুলো পড়বে। যখন শুরু করার ইঙ্গিত পাবেন পুরো দলকে আকাশের দিকে তাদের পাতা ছুঁড়তে হবে স্ট্র দিয়ে ফুঁ মেরে আর শেষের লাইনের দিকে এগিয়ে যেতে হবে। অনেক পাতা বিপরীত দলের দিকে চলে যাবে, তাই বাচ্চাদের চেষ্টা করতে হবে যাতে পাতা বিপরীত দলের কাছে না যায়। যে দলের সব থেকে বেশি পাতা নিজের দলের জায়গায় থাকবে তারা জিতবে।




জলপ্রপাত কারুশিল্প (পাঠ 4)

বাঘের ছবি ফ্রেম



প্রিন্ট করুন এবং প্রতিটি ছাত্র কে দিন:

1 বাঘের মাথার ফ্রেম

2 জোরা দাঁত

2 চোখ

বাচ্চাদের বলুন রং করে বাঘের মাথা কাটতে।

ছোট ছোট চোখ আঠা দিয়ে জায়গায় লাগান।

সব শেষে দাঁত গুলো বাঘের মাথার পিছন দিয়ে আঠা দিয়ে লাগান। যদি পারেন ছবি তুলুন সেগুলো প্রিন্ট করুন আর বাঘের মুখে লাগান।

উপসংহার (পাঠ 4)

এই জঙ্গলে লোকে প্রতিদিন আমাদের আক্রমণ করে ঠিক যেমন ইস্টার হামান কে করেছিল। কিন্তু আমাদের ভয় পাওয়ার কোন কারণ নেই কারণ আমরা ইশ্বরের পরিবারের অংশ। অন্যরা আপনার পক্ষে থাকার ভান করে কিন্তু যিশু খ্রীষ্ট সত্যি সব সময় আপনার পাশে থাকে! যেমন আপনারা আজ প্রার্থনা করেলেন আমরা প্রার্থনা করে দৃঢ় বিশ্বাসের সঙ্গে বলতে পারি ঈশ্বরের পরিবারের অংশ। যেমন বাইবেলে বলা আছে, আমরা ইশ্বেরের, কেউ আমাদের ঈশ্বরের কাছ থেকে চিনিয়ে নিতে পারবে না। আজকের মূল কথা সবাই এক সাথে বলুন... "ঈশ্বরের সন্তান হিসাবে স্বর্গে আমার জীবন অনন্ত।" ভিবিএস (ছুটির বাইবেল স্কুলে) কাল ফিরে আসুন, আর একটা উত্তেজনা পূর্ণ "জঙ্গলে বেঁচে থাকা দিনে, যেখানে আমরা দেখব কোন দল বেঁচে থাকে ও জেতে।

## পাঠ 5

### যীশু খ্রীষ্ট আমাকে সাহসী করে তোলেন

মূল কথা (পাঠ 5)

অসম্ভব পরিস্থিতিতেও আমি ভয় কে জয় করতে পারি

বাইবেল পাঠ (পাঠ 5)

গলিয়েথের হুমকি (1 স্যামুয়েল 17)

ভূমিকা (পাঠ 5)

আমরা "জঙ্গলে জীবিত থাকা সিজনের শেষ পর্যায় এসে পরেছি। এখানে সবাই আছে বগ্লি, সমস্ত প্রাণী ও সব দলের প্রতিনিধিরা। আমরা এই শেষ দিনের চূড়ান্ত পর্যায়ের জন্য ফিরে এসেছি। তুমি কি জিততে পারবে? ঠিক আছে, মজাতে যোগ দাও, টুইটারে হ্যাশট্যাগ "জঙ্গলে বেঁচে থাকা" তে আমাদের সাথে যোগ দাও এবং তোমার কি মনে হয় তা আমাদের জানাও। আজ একটি খুব আনন্দের দিন!

আমাদের প্রতিদিনর জীবনে অনেক ভয় আছে, কিন্তু যিশু খ্রিস্টের সঙ্গে, আমরা সেই ভয়গুলো জয় করতে পারি যখন তা অসম্ভব বলে মনে হয়। (আজকের বাইবেল শ্লোক বলেন: যিহোশূয় 1: 9) এবার এসো দিন শুরু করা যাক, আমরা আজ বগ্লি কে দেখব, ডেভিড ও গোলিয়াথের বিষয়ে জানব এবং কিছু মজার হাতের কাজ করব ও খেলা খেলব!

সবাই একসঙ্গে আজকের মূল কথা বল, "অসম্ভব পরিস্থিতিতেও আমি ভয় কে জয় করতে পারি"


দিনের শেষে, আমরা আশ্বস্ত হতে পারি যে আমরা এই জঙ্গলে জীবিত থাকতে পারি, যখন আমরা জানি যে আমরা আমাদের প্রভু যীশু খ্রীষ্টের মধ্যে সাহসী!

প্রাণী (পাঠ 5 )

কমির ভয় দেখায় আর ইন্দুর সাহায্য করে।

দল (পাঠ 5 )

প্রতিটি দল সামনে এসে তাদের করা কাজ বাকিদের দেখাবে। দেখে বল সব থেকে ভাল কোন দল করেছে, তারা বিজয়ী হবে।



বাইবেল শ্লোক (পাঠ 5)

"আমি কী তোমায় আদেশ দিইনি? শক্তিশালী আর সাহসী হও। ভয় পাওয়া। আস্থা হারিও না, কারণ ইশ্বর সব সময় সব জায়গায় তোমার সাথে থাকবে।" জশুয়া 1:9

নাটক (পাঠ 5)

রিং, রিং, রিং ...অবার এলার্ম বাজে আর বল্পি জেপে ঘুমাচ্ছে, সে খানিক নাড়াচাড়া করে এলার্মের স্নূজ বোতাম টিপে দেয়। তারপর তার ফোন বাজে সে তাড়াতাড়ি উঠে জিপ থেকে বেরিয়ে আসে। তার বন্ধু ইন্দুর ফোন করেছে, জিজ্ঞাসা করতে বল্পি তাকে জঙ্গল স্কুলে পৌঁছে দিতে পারবে কিনা, বল্পি রাজি হয় কিন্তু তার আগে তাকে তার সকালের খাবার খেতে হবে, তার খুব পছন্দের সিলিয়াল। যদি সে তাড়াতাড়ি না করে দুজনেরই দেরি হয় যাবে। যখন বল্পি ইঁদুরের কাছে পৌছায়ে ইঁদুরের হাতে একটা পাই ছিল আর ইন্দুর পাই বল্পির মুখে লাগিয়ে দেয়। তারা দুজনেই হাসতে হাসতে বল্পির মুখ পরিস্কার করে। আর ডোবা পৌছানো অবদি তারা দুজনা হাঁটতে হাঁটতে গান করে। এবার কী হবে! আমরা ডোবা কি করে পারব?

ডোবার ধরে তারা একটা ডিঙ্গি দেখতে পায়। তারা এটাতে চেপে দাঁড় টানতে শুরু করে। তারপর হঠাৎ তারা গড়গড় শব্দ শুনতে পায়, তারা দেখার চেষ্টা করে এটা কোন জন্তুর অওয়াজ। ইদুঁর প্রথমে দেখতে পায়...একটা কুমির! ইন্দুর বল্পিকে সাহসী হতে বলে। কুমির তাদের তারা করে, আর ওরা যত তাড়াতাড়ি সম্ভব দাঁড় টানে।দুজনেই ভয় চিৎকার করতে শুরু করে! কুমির আরো কাছাকাছি আসতে থাকে বল্পি বুঝতে পারে কুমির তারে কাছে পৌছানোর আগে উল্টো দিকের পারে পৌঁছানো অসম্ভব। বল্পি ভুলেই যায় স্চূলের জন্য দেরী হচ্ছে, তার একমাত্র ভয় সে আজ কিমিরের খাবার হয় যাবে! ইন্দুর বল্পি কে সহি হওয়ার কথা মনে করিয়ে দেয় কিন্তু বল্পি নিজের চিৎকারের চটে কিছুই শুনতে পায় না। বল্পির তার বন্ধু ভাল্লুকের কথা মনে পরে। সে তার সেলফোন দিয়ে ভাল্লুক কে মেসেজ করে। কুমির আরো কাছে এসে পরে। যে মুহূর্তে কুমির ডিঙ্গির উপর উঠতে যাবে ভাল্লুক এসে পড়ে, ভাল্লুক ডোবার পারে দাঁড়িতে এমন হুমকার দেয় যে পুরো ডোবাটা নড়ে ওঠে!! কুমির ভয় পেয়ে পালায়। সবাই আনন্দে লাফিয়ে ওঠে! বল্পি, “চিৎকার করে বলে, “অসম্ভব পরিস্থিতিতেও আমি ভয় কে জয় করতে পারি!!! যিশু আমার সাহসী বানান!” সুরক্ষিত ভাবে অন্য পারে পৌছানোর পর তারা তাড়াতাড়ি একটা সেলফি তোলে, তারপর স্কুলে যায়। বল্পি নিশ্চিত ছিল তাদের দেরী হয় গেছে, কিন্তু তারা ঘন্টা পরার ঠিক আগে পৌছায়ে। আরো অসম্ভব জিনিস ঘটছিল। বল্পি দুর্বল হওয়া সত্বেও এই সপ্তাহে প্রতি দিন ঠিক সময় স্কুল পৌছেছে! “অসম্ভব পরিস্থিতিতেও আমি ভয় কে জয় করতে পারি! যিশু আমার সাহসী বানান!” সে রাত্রে ঘুমানোর আগে বলে।

### গুহা ক্লাস (পাঠ 5)

#### গলিয়েথের হুমকি (1 স্যামুয়েল 17)




বাইবেলের গল্পের প্রতিটি অংশ বলার সাথে সাথে, বাচ্চাদের দেওয়া ছবি আঁকতে দাও। ছবি সহজ রাখো, যাতে বাচ্চারা সহজে দেখে আঁকতে পারে।



1.ডেভিড একটি বাচ্চা ছেলে তার 7 জন বড় ভাই আছে. তার বাবা তাকে ভেঁড়ার একটা দল চড়াতে দিয়েছে। একদিন তার বাবা তাকে যুদ্ধ ক্ষেত্রে তার 3 জন বড় ভাই যারা রাজা সলের সেবা করছে তাদের সেনা পতির জন্য 10টি চিজের উপহার দিয়ে পাঠায়।

ছবি 1: ব্যাগ ভর্তি রুটি, চিজ আর খাবার।



2.গলিয়েথ খুব লম্বা ছিল (3মিটার, 9’9ইঞ্চি লম্বা) আর ফিলিস্তিনের সব থেকে শক্তিশালী সৈন্য। সে সবাই কে গালি আর হুমকি দেয়, ইসরাইলের সব সৈন্য ভয় পেয়ে যায়। ফিলিস্তিন বলে দুটো পুরো সৈন্য দল লড়াই করার পরিবর্তে গলিয়েথের সাথে একজনের লড়াই হোক। যে জিতবে তার দেশ যুদ্ধে জয়ী হবে।




ছবি 2: ভিতু সৈন্য

3.ডেভিড যখন তার বাবার পাঠান জিনিস দিতে এসেছিল সে গলিয়েথের চিৎকার ও হুমকি শোনে। ডেভিড গলিয়েথ কে দেখে একটুও ভয় পায়নি কারণ সে জানত ইশ্বর ইসরাইল এর সাথে আছে। ডেভিড ঘোষণা করে সে সৈন্যদের হয় গলিয়েথের জন্যে লড়েতে যাবে। যখন সল ডেভিডের ঘোষণা শোনেন তিনি ডেভিড কে ডেকে পাঠান। তিনি ডেভিড কে বলেন ডেভিড গলিয়েথের


তুলনায় অনেক ছোট তার জেতার কোনো সম্ভাবনা নেই। তিনি এও বলেন গলিয়েথ অনেক দিনের সৈন্য আর ডেভিডের কোনো যুদ্ধ প্রশিক্ষণ নেই।

ছবি 3: রাজা সল



4. ডেভিড কে রাজা সলের কাছে প্রমাণ করতে হয়ছিল সে সাহসী। সে তার সিংহ ও ভাল্লুক মারার কথা বলে, যখন সিংহ ভাল্লুক তার ভেঁড়ার দল আক্রমণ করেছিল। কিন্তু তার সব থেকে ভাল যুক্তি ছিল: “যে ইশ্বর আমায় সিংহ ও ভাল্লুকের থাবা থেকে বাঁচিয়েছে সেই ইশ্বরই আমায় ফিলিস্তিনের হাত থেকে বাঁচাবেন।“ এই অসম্ভব পরিস্থিতিতেও আত্মবিশ্বাস ছিল, কারণ সে জানত ভগবান তার সাথে আছে। আমরাও সাহসী হয় সব রকম পরিস্থিতি জয় করতে পারি কারণ ইশ্বর আমার সাথে আছেন!

ছবি 4: সিংহ আর ভাল্লুক



5.রাজা সোল ইসরাইলের হয় ডেভিড কে গলিয়েথের সঙ্গে যুদ্ধ করতে পাঠানোর সিদ্ধান্ত নেন। তিনি ডেভিড কে নিজের সব থেকে ভাল বর্ম, হেলমেট আর তলোয়ার দেন। সেই সব ডেভিডের জন্য এত ভারি ছিল যে সে চলতেই পারছিল না। সে তখন ঠিক করে যুদ্ধের সরঞ্জাম সে ব্যবহার করবে না তার পরিবর্তে ভেঁড়া চরাবার সময় সে যা ব্যবহার করে তাই ব্যবহার করবে। সে জানত সে যদি জেতে তা ইশ্বরের জন্যই হবে, শক্তির, দক্ষতা, যুদ্ধ সরঞ্জামের জন্য নয়। সে গুলতির জন্য 5টা পাথর বেছে নিয়ে গলিয়েথের সঙ্গে যুদ্ধ করতে যায়। তার ছড়া প্রথম পাথর গলিয়েথের মাথায় লাগে আর গলিয়েথ মরে যায়। ডেভিড সাহসী ছিল কারণ সে জানত ভগবান সাথে থাকলে সব সম্ভব!

ছবি 5: গুলতি আর 5টা মসৃণ পাথর

## মতামত

জোরে জোরে 2টি বিকল্প পড়ো। “মতামতের” ধারণা হল ছাত্রদের ভাবার সুযোগ দেওয়া, তাই উভয় পক্ষকে উৎসাহী করা আবশ্যক। দেওয়া দুটি বিকল্প এমন করে পড়ো যেন মনে হয় দুটিই ঠিক। ভোটের জন্য স্টিকার ব্যবহার করতে পারেন। সঠিক উত্তর বলবেন না, ওদের নিজে থেকে ভাবতে দাও।

**প্রশ্ন: ডেভিডের কি গলিয়েথের সাথে নিজে থেকে যুদ্ধ করতে যাওয়া ঠিক হয়েছিল?**

ক. ডেভিডের গলিয়েথের সাথে নিজে থেকে যুদ্ধ করতে যাওয়া উচিত হয়নি। যদি সে যথেষ্ট শক্তিশালী না হত গোটা ইসরাইল দেশটা যুদ্ধ হেরে যেত আর ফিলিস্তিনের দাস হয়ে যেত। খুব বড় ঝুঁকি ছিল।


খ. ডেভিড জানত মাপ, শক্তি, বয়স, অভিগতার কোনো মানে নেই কারণ যুদ্ধ ভগবানের। সে নিজের থেকে যুদ্ধ করতে গিয়ে ঠিক করেছিল কারণ আর কেউ করত না।

আমার জীবনে অনেকে আমার মজা করবে আমার ক্ষতি করার হুমকি দেবে, যেমন গলিয়েথ ডেভিড কে করেছিল। “অসম্ভব পরিস্থিতিতেও আমি ভয় কে জয় করতে পারি” যিশু আমায় সাহসী করেণ।

## বাইবেল নিরীক্ষণ (পাঠ 5)

নদীতে স্বাগত যেখানে আমরা ডিঙ্গিতে চড়ে নদী পারি দিই। সবাই একসাথে আজকে পাঠের নাম, স্লোগান আর মেমরি শ্লোক বল। ছাত্রদের বই বিতরণ কর ও ধাঁধার উত্তর করতে বল। ছাত্রের বইতে দেওয়া 2টি কাজ করতে বল আর পাতা রং করতে দাও।

উত্তর




(মাঝারি বই এর উত্তর সহজ এবং কঠিন উত্তর ব্যবহার করে পাওয়া যাবে।)

## ট্রপিক্যাল রেষ্টুরেন্ট (পাঠ 5)

ডেভিডের গোলাবারুদের ব্যাগ

**উপকরণ:**

- ভুট্টার তর্টিল্লা বা রুটি (প্রতিটি বাচ্চার জন্য একটি)
- গোলাকার খাবার প্রতি জনের জন্য 5টি

উদাহরণ: আঙ্গুর, টফি, চিজ পাফ এর মতো গোলাকার কিছু

**নির্দেশ:**

- রুটি গরম করে নিলে ভাঁজ করতে সুবিধা হবে।
- প্রতিটি ছাত্রকে 5টা করে গোলাকার খাবার দিন আর তাদের রুটির ওপর রাখুন আর পুটলি বানান যেমন ডেভিডের ব্যাগে 5টা পাথর ছিল।
- বাচ্চাদের অন্যদের দিকে পাথর ছুঁড়তে দিও না না কারণ তারা 9 ফুট লম্বা নয়।



ডোবা খেলা (পাঠ 5)

1.হাতি কে ঘরে আনা




পাঁচ জন বাচ্চার দল বানান। চার জন বাচ্চা এক জন(হাতি) কে তুলে ধরবে, দু জন পা ধরবে আর দু জন হাত। হাতির পেটে কমলা লেবু বা অন্য গোল জিনিস রাখো।

লাইন পেরতে হবে ফল না ফেলে। যদি ফলটা মাটিতে পড়ে যায়, তাহলে সেই দোল হেরে যাবে। যে দল ফল মাটিতে না ফেলে লাইন পেরতে পারবে তারা জিতবে।

2.শহরে জল বয়ে নিয়ে যাওয়া

বাচ্চাদের দিয়ে দুটো লম্বা লাইন বানাও। প্রতিটি ছাত্রকে একটি খালি প্লাস্টিক কাপ দাও। লাইনের প্রথম জনের কাপে জল ভরে দাও তাকে পিছনের জনের কাপে জল ঢালতে বল, জল ঢালার সময় পিছনে দেখা চলবে না। দ্বিতীয় জন তৃতীয়জনের কাপে জল ভরবে, এমনি চলতে থাকবে। শেষে যে টিমের কাছে বেশি জল থাকবে তারা জিতবে।

জলপ্রপাত কারুশিল্প (পাঠ 5)

কুমির মুখোস




প্রিন্ট কর এবং প্রতিটি ছাত্র কে দাও:

1টি কুরিম মুখোস

1 পাটি কুমীরের হাঁত

1টি 50cm ফিতে

2টি চোখ



1.মুখোস রং করার ও কাটার নির্দেশ দিন। (শিক্ষকদের ফিতে লাগানোর ফুটো করে দিতে হবে যাতে ফুটো টিক জায়েগায় হয় আর সহজে ছিঁড়ে না যায়।)

2.ছাত্রদের সোজা দিকের উল্টো পিঠে বড় চোখ গুলো কিভাবে লাগাতে হবে দেখিয়ে দাও।

3.তারপর কুমিরের দাঁত আঠা দিয়ে মুখোসের উল্টো দিকে লাগাও, আলতো করে বাঁকা লাইন ধরে।

4.সব শেষে, এক দিকে ফিতে বেঁধে বাচ্চার মাথার মাপে অন্য দিকটা বেঁধে দাও।

### উপসংহার (পাঠ 5)

মানুষ আমাদের ভয় দেখানোর চেষ্টা করবে, ঠিক যেমন গলিয়াত ঈশ্বরের লোকদের হুমকি দিয়েছিল আর যেমন আজ বল্লি কুমির দেখে ভয় পেয়েছিল। যাইহোক, ডেভিডের মত, আমরা প্রভু যীশু খ্রীষ্টের নামে বিশ্বাস রাখব। এবং যেমন বাইবেলে বলা আছে আমরা শক্তিশালী এবং সাহসী হতে পারি কারণ আমরা যেখনই যাই ইশ্বর সব সময় আমাদের সাথে আছেন।
মূল কথাটা সবাই এক সাথে বল ... "অসম্ভব পরিস্থিতিতেও আমি ভয় কে জয় করতে পারি"
এই সপ্তাহের "জঙ্গলে জীবিত থাকা" পর্বে আমাদের সাথে যোগ দেওয়ার জন্য ধন্যবাদ, আমরা একসাথে সাহস, উদারতা এবং শক্তি দিয়ে ভয় ,পাপ এবং আক্রমণ জয় করতে শিখেছি! এই জঙ্গল অভিযানের সাহায্যে আমরা যিশু খ্রিস্টের মধ্যে আমরা কে শেখার সাথে সাথে অনেক আনন্দ করেছি! আমাদের প্রত্যেকেরই আমাদের বাড়িতে সবকিছু ফেলে এসেছি, গির্জায় এসে অভিযানে যোগ দেওয়ার জন্য কোন সন্দেহ নেই আমাদের সবার জীবন পরিবর্তিত হয়েছে এই বিশেষ সপ্তাহে একটি অংশ গ্রহণ করার জন্য ধন্যবাদ।
পরে আবার দেখা হবে "জঙ্গলে জীবিত থাকা" এর একটি নতুন সিজনে!

# You were expecting just a fun way to teach kids.



"WE USED TO HAVE 5 KIDS COMING TO SUNDAY SCHOOL," said the children's ministry director of a church in Delhi after just 1 month using Champions Sunday school. "Now we have 25 children regularly! The rich children used to snub the poor children, but now they mingle together. They even help each other solve the puzzles!"

""BUT I DO THE SAME THING, TOO..." a little girl in Mexico said with a sigh. She was looking at herself with a little pocket mirror she made out of tin foil in Sunday school. "...So I can't judge that girl for gossiping." After putting the little mirror back into her pocket, she went to another girl she had gossiped about and apologized for it!

## Use our syllabus and discover surprising spiritual growth in your students!

**Join over 100,000 churches from 20 countries and download life-changing curriculum from www.ChildrenAreImportant.com.**

Children are Important